দৈনিক বাংলা

তারিখ 29 AUG 1989
পৃষ্ঠা 7 কলাম 7

131 (26)

# রাজশাহী মেডিক্যাল কলেজ বন্ধ ঃ ভার্সিটি হল থেকে অস্ত্র উদ্ধার

রাজশাহী, ২৮শে আগস্ট (বাসস)।—রাজশাহী মেডিক্যাল কলেজ ক্যাম্পাসে পরিস্থিতির অবনতি ঘটায় আজ থেকে অনির্দিষ্ট কালের জন্যে বন্ধ ঘোষণা করা হয়েছে।

কলেজের প্রিন্সিপাল এ কে শামসুদ্দীন সিদ্দিকীর সভাপতিত্বে কলেজ শিক্ষা পরিষদের এক জরুরী বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়।

ছাত্রদের আজ সন্ধ্যার মধ্যে এবং ছাত্রীদের আগামী কাল সন্ধ্যা সাতটার মধ্যে ছাত্রাবাস ত্যাগ করতে বলা হয়েছে।

**২টি হল থেকে অস্ত্র উদ্ধার**

ইউএনবির খবর। পুলিশ রোব

(৩-এর পৃঃ দ্রঃ)

## অস্ত্র উদ্ধার

(প্রথম পৃঃ পর)

বার রাতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শাহ মখদুম হলে অভিযান চালিয়ে নয়টি তাজা বোমা এবং কুড়াল, ড্যাগার ও হকি স্টিকসহ মারাত্মক অস্ত্রসস্ত্র উদ্ধার করেছে।

পুলিশ জানায়, জাতীয়তাবাদী ছাত্র দল (জেসিডি) নেতা হাবিবুর রহমান কবীরের মৃত্যুর পর রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নতুন করে হিংসাত্মক তৎপরতা শুরু হলে এই অভিযান চালানো হয়।

এদিকে ছাত্র শিবির বিরোধী ঐক্যজোট জাহাঙ্গীরনগর ভার্সিটির ছাত্র হাবিবুর রহমান কবীরের স্মৃতিতে তিন দিনব্যাপী কর্মসূচীর অংশ হিসাবে সোমবার ক্যাম্পাসে মিছিল বের করে।

দৈনিক বাংলার রাজশাহী ভার্সিটি সংবাদদাতা জানান, রাজশাহী পুলিশ রোববার বিকালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের জোহা হল থেকে ৬টি ককটেল, ২০টি রড ও একটি ড্যাগার উদ্ধার করেছে।

**জামায়াতের প্রতিবাদ**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অস্ত্র উদ্ধার সম্পর্কে জামায়াতে ইসলামীর সেক্রেটারী জেনারেল মওলানা মতিউর রহমান নিজামী সোমবার এক বিবৃতিতে অভিযোগ করেন যে, সন্ত্রাসের ফলে আক্রান্ত শিবির কর্মীরা যেসব হলে আশ্রয় গ্রহণ করে সেসব হলে তল্লাশী হয়নি। অথচ দাবী ছিল সকল হল তল্লাশী করা। কিন্তু ডিসি তা করেননি।